



**taungya**

An Organization

For Indigenous Culture, Environment & Socio- Economic Advancement.

স্মারক নং: টংগ্যা-২৭/ ০৩ /২৫

তারিখ: ০৯ জানুয়ারী ২০২৫ খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

টংগ্যা রাঙামাটিছ একটি অলাভজনক, অরাজনৈতিক ও বেসরকারী উন্নয়ন সংস্থা যা ১৯৯৬ খ্রিঃ থেকে তিন পার্বত্য জেলায় সুবিধা বঞ্চিত ও প্রান্তিক সাধারণ মানুষের আর্থ-সামাজিক উন্নয়ন, ভাষা, সাহিত্য, কৃষ্টি-সংস্কৃতি, প্রথা ও রীতি, প্রথাগত জ্ঞান-বিজ্ঞান ও চিকিৎসা বিদ্যা সংরক্ষণ ও প্রচার করা, পার্বত্য অঞ্চলের প্রাকৃতিক পরিবেশ ও প্রতিবেশ সংরক্ষণ ও উন্নয়ন, যুব উন্নয়ন, আদিবাসী নারী ও শিশু অধিকার সংরক্ষণ, শিক্ষার প্রসার ইত্যাদি বিষয় নিয়ে কাজ করে আসছে। এরই ধারাবাহিকতায় মানুষের জন্য ফাউন্ডেশন এর কারিগরি ও আর্থিক সহযোগিতায় টংগ্যা, রাঙামাটি জেলার অন্তর্গত জুরাছড়ি উপজেলার দুমদুম্যা ও মৈদং ইউনিয়নে “Partnership for Resilient Livelihoods in CHT Region (PRLC)” শীর্ষক প্রকল্পের মাধ্যমে সেখানকার মানুষের জীবন ও জীবিকায়ন উন্নয়নের কাজ চলমান রয়েছে। উক্ত প্রকল্প কার্যক্রম বাস্তবায়নের জন্য নিম্নোক্ত শূন্যপদে ও শর্তে আগ্রহী উপযুক্ত প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

ক্র. নং.	পদের নাম	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	বেতন/ভাতা
১.	টেকনিক্যাল অফিসার (Technical Officer)	১	সরকারিভাবে স্বীকৃত কলেজ বা বিশ্ববিদ্যালয় হতে B.Sc. in Agriculture/Fisheries/Livestock degree/ Diploma in Agriculture Science এবং উন্নয়ন সংস্থায় ৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।	৩৫,১৭৫
২.	অর্গানাইজার (Organizer)	১	সরকারিভাবে স্বীকৃত কলেজ বা বিশ্ববিদ্যালয় হতে Diploma in Agriculture Science/Graduation এবং এনজিওতে ৩ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। তবে অভিজ্ঞতার বিবেচনায় শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।	২০,০০০

### ১. আবেদন করার নিয়ম-

- নির্বাহী পরিচালক, টংগ্যা, রাজবাড়ি সড়ক, রাঙামাটি সদর, রাঙামাটি পার্বত্য জেলা বরাবরে আবেদন করতে হবে;
- আবেদন পত্রের সাথে যে সকল নথিপত্র সংযুক্ত করতে হবে-
  - ক) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি-২ টি;
  - খ) পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত এবং এতে অন্যান্য তথ্যের সাথে যা অবশ্যই উল্লেখ থাকতে হবে- প্রার্থীর সক্রিয় মোবাইল নম্বর, ১ জানুয়ারী ২০২৫ খ্রিঃ তারিখে বয়স, মোট কত বছরের অভিজ্ঞতা এবং দুই জন পরিচয়দানকারী (Referree) ব্যক্তির তথ্য, মোবাইল ফোন নম্বর ও প্রয়োজ্য ক্ষেত্রে ইমেইল উল্লেখ করা;
  - গ) সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও প্রশিক্ষণ সনদপত্রের ফটোকপি এবং ড্রাইভিং লাইসেন্স (যদি থাকে) এর ফটোকপি;
  - ঘ) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি;
  - ঙ) চাকমা সার্কেল চিফ/হেডম্যান/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের নিকট হতে স্থায়ী বাসিন্দা সনদ পত্রের ফটোকপি;
- আবেদন পত্র ই-মেইলে- taungya.info@gmail.com অথবা হার্ডকপি সরাসরি (টংগ্যা প্রধান কার্যালয়) এসে জমা দেয়া যাবে; তবে, যারা হার্ডকপি জমা দিবেন তারা অবশ্যই খামের উপর আবেদনকৃত পদের নাম উল্লেখ করবেন;
- আবেদন পত্র আগামী ১৬ জানুয়ারী ২০২৫ খ্রিঃ, বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে পৌঁছাতে হবে;
- অসম্পূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদন পত্র বাতিল হিসেবে গণ্য করা হবে;

### ২. আবেদন করার শর্তসমূহ

- ১ নং পদে তিন পার্বত্য জেলায় বসবাসকারী স্থায়ী বাসিন্দা যে কেউ আবেদন করতে পারবেন। তবে জুরাছড়ি উপজেলা হতে উপযুক্ত ও যোগ্য প্রার্থী পাওয়া গেলে তাকে অগ্রাধিকার প্রদান করা হবে।
- ২ নং পদে জুরাছড়ি উপজেলার দুমদুম্যা ইউনিয়নের প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে, তবে উপযুক্ততা ও অভিজ্ঞতার বিবেচনায় এ শর্ত শিথিলযোগ্য।



**taungya**

An Organization

For Indigenous Culture, Environment & Socio- Economic Advancement.

**৩. বিশেষ দৃষ্টব্য**

- যে সকল প্রার্থী নিয়োগ প্রক্রিয়া বাধাগ্রস্ত করা বা নানাভাবে সুপারিশ বা তদবিরের মাধ্যমে প্রভাবিত করার চেষ্টা করবেন তাদের আবেদন বাতিল করা হবে।
- ১ নং পদের প্রার্থীদের বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকলে এবং মোটরসাইকেল চালনায় দক্ষ হলে, তা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে।
- উপযুক্ত নারী প্রার্থীদের আবেদন করার জন্য উৎসাহিত করা হচ্ছে।
- যে সকল পদ প্রার্থী আবেদন করবেন তাদের দুর্গম অঞ্চলে কাজ করার ও নিয়মিতভাবে অবস্থান করার মানসিকতা থাকতে হবে।
- শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদের নিয়োগ পরীক্ষার (লিখিত ও মৌখিক) জন্য আহ্বান করা হবে।
- এই নিয়োগ প্রক্রিয়া বিষয়ে টংগ্যা কর্তৃপক্ষ যে কোনো সিদ্ধান্ত গ্রহন করার অধিকার সংরক্ষণ করেন।

(প্রানজিত দেওয়ান)

নির্বাহী পরিচালক

টংগ্যা

তারিখঃ ০৯ জানুয়ারী ২০২৫ খ্রিঃ